অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/19/2025 **গভর্নর ক্যাথি হোকল**

ইনোভেশন জোরদার করা: গভর্নর HOCHUL এবং সিনেটর SCHUMER সাউদার্ন টিয়ারে নেক্সট জেনারেশন ব্যাটারি ইনোভেশন কোম্পানি BAE SYSTEMS-এর 65 মিলিয়ন মার্কিন ডলারের এক্সপ্যানশন ঘোষণা করলেন

BAE Systems এন্ডিকট ভিলেজের অবস্থানে 130টির বেশি নতুন ভালো বেতনের চাকরি তৈরির অঙ্গীকার করে

ক্লিন এনার্জি সমাধানের উপর মনোযোগ দিয়ে কমিউনিটির পুনরুজ্জীবন এবং অর্থনীতির বিকাশের জন্য সাউদার্ন টিয়ার অঞ্চলের সার্বিক কৌশলকে নিউ ইয়র্ক স্টেটের ধারাবাহিক বিনিয়োগ সমর্থন করছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং সিনেটর Charles Schumer (চার্লস শুমার) আজকে ঘোষণা করেছেন যে ব্রুম (Broome) কাউন্টির এন্ডিকট (Endicott) ভিলেজে অপারেশন বড় করতে BAE Systems 65 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করছে। কোম্পানিটি এর বিদ্যমান সাইটে মোট 150,000 বর্গফুট যোগ করবে যা একটি নতুন ব্যাটারি প্রোডাকশন লাইন এবং ল্যাব স্পেস, এবং নতুন অফিস স্পেসের জন্য জায়গা করবে। এক্সপ্যানশনের ফলাফল হিসেবে, কোম্পানিটি অনসাইটে 134টি ভালো বেতনের চাকরি তৈরি করার অঙ্গীকার করেছে। BAE Systems হলো একটি গ্লোবাল ডিফেন্স, অ্যারোস্পেস এবং সিকিউরিটি কোম্পানি যাদের সারা পৃথিবীতে প্রায় 93,500 জন কর্মচারী আছে। এন্ডিকটের BAE Systems ফ্যাসিলিটিটি ফ্লাইটের নিরাপত্তার জন্য অতি গুরুত্বপূর্ণ ইলেক্ট্রনিক সিস্টেম এবং ইঞ্জিন কন্ট্রোল থেকে শুরু করে পাওয়ার ও এনার্জি ম্যানেজমেন্ট সিস্টেম পর্যন্ত একটি বিশাল পোর্টফোলিওর নকশা, বিকাশ, ও উৎপাদন করে। কোম্পানিটি Huron Campus সাইটে 2011 সাল থেকে সক্রিয় আছে।

"BAE Systems-এর ব্যবসা আরো বাড়ানোর জন্য তাদের সিদ্ধান্ত হলো নিউ ইয়র্ক স্টেট (New York State, NY) এবং সাউদার্ন টিয়ারের (Southern Tier) জন্য আরেকটি বিজয়, যারা নেক্সট জেনারেশন ব্যাটারি ইনোভেশন চেষ্টার জন্য একটি গ্লোবাল হাব হয়ে উঠতে অত্যন্ত মনোযোগী," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "দায়িত্ব দেওয়ার পর থেকে আমি আপস্টেট নিউ ইয়র্কে চাকরি নিয়ে আসার জন্য অঙ্গীকারবদ্ধ আছি। অত্যন্ত সফল এই কোম্পানিটি এখানে তাদের অপারেশন বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে, যা অঞ্চলে ভালো মাণের, ভালো বেতনের

চাকরি তৈরি শুরু করবে, তার কারণ হলো তারা নিজের চোখে দেখেছে যে নিউ ইয়র্কবাসীরা কতটা পরিশ্রমী।"

সিনেটর Charles Schumer (চার্লস শুমার) বলেন, "BAE Systems সাউদার্ন টিয়ারে 130+ ভালো বেতনের চাকরি যোগ করছে যাতে নিশ্চিত করা যায় যে আমেরিকার (America) ব্যাটারির নেক্সট জেনারেশনে 'মেড ইন আপস্টেট NY (Made in Upstate NY)' স্ট্যাম্প থাকে। একটি নতুন ব্যাটারি প্রোডাকশন লাইন, রিসার্চ ল্যাব, এবং অফিস যোগ করার জন্য এই 65 মিলিয়ন মার্কিন ডলারের এক্সপ্যানশনটি দেখাতে সাহায্য করে যে আমরা কীভাবে এই সাপ্লাই চেইনকে বিদেশ থেকে ফেরত আনতে পারি, এবং ভবিষ্যতের ব্যাটারি ম্যানুফ্যাকচারিং যাতে বেইজিংয়ে (Beijing) ম্যানুফ্যাকচার না হয়ে ব্রুম কাউন্টিতে হয় তা নিশ্চিত করার পথে সাউদার্ন টিয়ার নেতৃত্ব দিচ্ছে। BAE Systems হলো সাউদার্ন টিয়ারের অর্থনীতির একটি অতি প্রয়োজনীয় অংশ, যেখানে 1200 জনের বেশি মানুষের একটি বিশ্বমানের ওয়ার্কফোর্স আছে, এবং তাদের মুখ্য ব্যাটারি প্রোডাকশন এক্সপ্যানশনের জন্য এই এলাকাকে বাছাই করা কোনো দুর্ঘটনা না। অঞ্চলকে ব্যাটারি গবেষণার গ্লোবাল সেন্টার বানাতে এবং আজকের ঘোষণার জন্য মঞ্চ তৈরি করে দিতে American Rescue Plan এবং আমার বাইপার্টিসান CHIPS & Science Act-এর মাধ্যমে অঞ্চলকে আমি যে মিলিয়ন মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল সমর্থন দিয়েছি তার জন্য আমি গর্বিত। এই অঞ্চলকে আমেরিকার ব্যাটারি বেল্টের ম্যানুফ্যাকচারিং এবং ইনোভেশনের জন্য একটি কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠিত করার জন্য আরেকটি লুপ যোগ করতে BAE আজকে সাহায্য করছে।"

প্রজেক্টে BAE Systems-এর ব্যাটারি প্রোডাকশন লাইনকে বড় করা হবে, যার মধ্যে থাকবে ইলেকট্রিক/হাইব্রিড ইলেকট্রিক এয়ারক্রাফটের জন্য একটি এনার্জি স্টোরেজ সিস্টেম দক্ষভাবে উৎপাদন করার জন্য মেশিনারি ও সরঞ্জাম কেনা ও ইনস্টল করা। ফ্যাসিলিটিতে থাকবে একটি অটোমেটেড অত্যাধুনিক প্রোডাকশন লাইন, একটি ইঞ্জিনিয়ারিং ল্যাব, এবং একটি আফটারমার্কেট সেন্টার, এবং এটি 2027 সালে সম্পূর্ণভাবে শেষ হবে বলে আশা করা যাচ্ছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) চাকরির সৃষ্টির প্রতিশ্রুতির বিনিময়ে Excelsior Jobs Tax Credit প্রোগ্রামের মাধ্যমে 8.5 মিলিয়ন ডলার দিয়ে সাহায্য করছে। ব্রুম কাউন্টিও প্রজেক্টের জন্য সহায়তা প্রদান করছে।

BAE Systems-এর সিনিয়র ডিরেক্টর Jim Garceau (জিম গার্সেউ) বলেন, "এই ফ্যাসিলিটির এক্সপ্যানশন সাউদার্ন টিয়ারের প্রতি আমাদের প্রতিশ্রুতিকে জোরদার করে এবং ব্যাটারি ইনোভেশনের জন্য আঞ্চলিক কেন্দ্র তৈরির জন্য নিউ ইয়র্ক স্টেটের ভিশনকে অগ্রসর করে। এই বিনিয়োগ দিয়ে আমরা নেক্সট জেনারেশন হাইব্রিড/ইলেকট্রিক এয়ারক্রাফটের উদীয়মান চাহিদা সমাধান করতে আমাদের সক্ষমতাকে আরো বাড়িয়ে দিবো।"

নেক্সট জেনারেশন ব্যাটারি ইনোভেশনকে জোরদার করা

কোম্পানির সিদ্ধান্তে গভর্নর Hochul (হোকল) এবং সিনেটর Schumer-এর (শুমার) ব্যাপক অবদান আছে যেহেতু প্রজেক্টটি যাতে নিউ ইয়র্কের সাউদার্ন টিয়ার অঞ্চলে অগ্রসর হয় তা নিশ্চিত করতে তারা কোম্পানির কর্মকর্তাদের সাথে কাছ থেকে কাজ করেছেন, নেক্সট

জেনারেশন এনার্জি চেষ্টাকে সমর্থন করার ব্যাপারে সাউদার্ন টিয়ার অঞ্চল অতি মনোযোগী, যা গভর্নর এবং সিনেটরের জন্য একটি শীর্ষ অগ্রাধিকার।

2024 সালের জানুয়ারি মাসে, গভর্নর Hochul (হোকল) এবং সিনেটর Schumer (শুমার) ঘোষণা করেন যে ইউনাইটেড স্টেটসের (United States, U.S.) ন্যাশনাল সাইন্স ফাউন্ডেশন (National Science Foundation) একটি Regional Innovation Engine (NSF Engine) হিসেবে New Energy New York (NENY) স্টোরেজ ইঞ্জিনের নাম ঘোষণা করেছে, যা সিনেটরের বাইপার্টিসান CHIPS & Science Law দিয়ে তৈরি হয়েছে। সাউদার্ন টিয়ার অঞ্চলের Binghamton University-এ অবস্থিত NENY স্টোরেজ ইঞ্জিনটি ইনোভেশন, টেকনোলজি অনুবাদ এবং ডোমেস্টিক ব্যাটারি ইন্ডাস্ট্রির ধারণক্ষমতা বাড়াতে একটি দক্ষ ওয়ার্কফোর্স তৈরির গতি বাড়াবে এমন একটি হাব প্রতিষ্ঠা করার জন্য দুই বছরের জন্য 15 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত ফেডারেল তহবিল এবং 10 বছরের বেশি সময়ে 160 মিলিয়ন মার্কিন ডলার পাবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট প্রকল্পটির প্রথম পাঁচ বছরের জন্য 20 শতাংশ পর্যন্ত মেলাবে এবং সেই সাথে প্রতিষ্ঠিত প্রোগ্রামগুলির মাধ্যমে সহায়তা প্রদান করবে। NENY স্টোরেজ ইঞ্জিনকে তার বৈচিত্র্যময়, ক্রস-সেক্টর জোটের জন্য বেছে নেওয়া হয়েছে যা মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা এবং বৈশ্বিক প্রতিযোগিতামূলকতাকে সমর্থন করার জন্য ব্যাটারির প্রযুক্তির উদ্ভাবন, কর্মীবাহিনীর বিকাশ এবং উৎপাদন চালনার জন্য একটি নেতৃস্থানীয় ইকোসিস্টেম তৈরি করবে।

Schumer (শুমার) দীর্ঘদিন ধরে সাউদার্ন টিয়ারের ব্যাটারি ম্যানুফ্যাকচারিং এবং R&D বাড়াতে ফেডারেল বিনিয়োগ নিশ্চিত করার জন্য লড়াই করেছেন। 2021 সালে Schumer (শুমার) মেজোরিটি লিডার হিসেবে তিনি যে American Rescue Plan পাশ করাতে নেতৃত্ব দিয়েছিলেন সেখানে Build Back Better Regional Challenge তৈরি করেন। Binghamton University-এর নেতৃত্বে কাজ করা New Energy New York-এর ব্যাটারি হাবের প্রস্তাবনাটিকে নির্বাচিত করতে সিনেটর ব্যক্তিগতভাবে অ্যাডভোকেট করেছেন, 63.7 মিলিয়ন মার্কিন ডলারে ফেডারেল বিনিয়োগ পেতে সাহায্য করেছেন যার সাথে নিউ ইয়র্ক স্টেট 50 মিলিয়ন মার্কিন ডলারের ম্যাচিং তহবিল প্রদান করবে। 2023 সালে, Schumer (শুমার) এছাড়াও Binghamton University-এর নেতৃত্বে কাজ করা New Energy New York-এর জন্য মর্যাদাপূর্ণ ফেডারেল টেক হাব আখ্যা নিয়ে এসেছেন, এটিও তার বাইপার্টিসান CHIPS & Science Law দিয়ে তৈরি হয়েছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "নেক্সট জেনারেশন ক্লিন এনার্জি কোম্পানিগুলির জন্য গভর্নর Hochul-এর (হোকল) কৌশলী এবং অতি মনোযোগী সমর্থন নিউ ইয়র্ক স্টেটে এই অত্যাধুনিক ইন্ডাস্ট্রির বিকাশমান উপস্থিতির গতি বাড়িয়ে দেয়। BAE Systems-এর এক্সপ্যানশন সাউদার্ন টিয়ারের জন্য শীর্ষ মাণের চাকরি ও সুযোগ তৈরি করবে, ব্যাটারি টেকনোলজি ইনোভেশনের জন্য অঞ্চলের নেতৃত্বকে অগ্রসর করবে।"

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ু এজেন্ডা

নিউ ইয়র্ক স্টেটের জলবায়ুর এজেন্ডা এমন একটি পরিচ্ছন্ন শক্তির অর্থনীতিতে একটি সাশ্রয়ী মূল্যের এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার মতো চাকরি তৈরি করে, পরিবেশ অনুকূল বিনিয়োগের মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধি বাড়ায় এবং তাদের

সুবিধাগুলির কমপক্ষে 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে প্রদান করার জন্য নির্দেশ করে। নিউ ইয়র্ক 2050 সালের মধ্যে একটি নির্গমন-মুক্ত অর্থনীতি অর্জনের জন্য অনেক প্রচেষ্টার উন্নতি করছে, যার মধ্যে শক্তি, ভবন, পরিবহণ এবং বর্জ্য খাতগুলি অন্তর্ভুক্ত।

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটির (New York Power Authority, NYPA) প্রেসিডেন্ট এবং CEO Justin E. Driscoll (জাস্টিন ই ড্রিস্কল) বলেন, "ব্রুম কাউন্টির অর্থনৈতিক বিকাশে BAE Systems একটি মুখ্য চালক হয়ে আছে, এবং তাদের নতুন 65 মিলিয়ন মার্কিন ডলারের এক্সপ্যানশনের জন্য আমি তাদের অভিনন্দন জানাচ্ছি। গভর্নর Hochul (হোকল) এবং সিনেটর Schumer-এর (শুমার) কৌশলী বিনিয়োগের কারণে নিউ ইয়র্ক ব্যাটারি স্টোরেজ ইনোভেশনের জন্য একটি টেস্টবেড হয়ে উঠেছে, এবং অত্যাধুনিক টেকনোলজির বিকাশে এবং কম খরচের বিদ্যুৎ দিয়ে অর্থনৈতিক বিকাশ শুরু করতে BAE Systems-এর মতো ফার্মগুলিকে NYPA সমর্থন করতে থাকবে।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি অ্যান্ড রিসার্চ ডেভেলপমেন্ট অথোরিটির (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট এবং CEO Doreen M. Harris (ডোরিন এম হ্যারিস) বলেন, "তাদের ব্রুম কাউন্টি অবস্থানে নেক্সট জেনারেশন ব্যাটারি টেকনোলজিতে এই বিনিয়োগ দিয়ে BAE Systems স্থানীয় চাকরিকে সমর্থন করছে এবং স্টেটের ক্লিন এনার্জি সাপ্লাই চেইনকে জোরদার করছে, নিশ্চিত করছে যাতে ইনোভেশন এবং ক্লিন টেক অর্থনৈতিক সুযোগের দিক দিয়ে নিউ ইয়র্ক শীর্ষে থাকতে পারে। এছাড়া এই এক্সপ্যানশনটি এভিয়েশন ইন্ডাস্ট্রিতে ক্লিন ট্রান্সপোর্টেশনকে অগ্রসর করে এবং এনার্জি স্টোরেজ খাতে গবেষণা, ডেভেলপমেন্ট, এবং প্রদর্শনীর জন্য NYSERDA-এর চেষ্টাকে সমর্থন করে।"

স্টেটের সিনেটর Lea Webb (লিয়া ওয়েব) বলেন, "BAE Systems যে সাউদার্ন টিয়ারে তাদের নেক্সট জেনারেশন ব্যাটারি ইনোভেশন অপারেশনকে বড় করছে তা খুবই আনন্দের বিষয়, এটি এন্ডিকট ভিলেজে 134টি পর্যন্ত নতুন চাকরি নিয়ে আসবে," বলেন স্টেটের সিনেটর Lea Webb (লিয়া ওয়েব)। "এই বিনিয়োগটি ক্লিন এনার্জি টেকনোলজি এবং অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিংয়ের নেতা হিসেবে আমাদের অঞ্চলের ভূমিকাকে জোরদার করে। আমাদের স্থানীয় অর্থনীতির বিকাশের প্রতি গভর্নর হোকলের প্রতিশ্রুতির জন্য তাকে এবং এই এক্সপ্যানশনটি সম্ভব করা সবাইকে আমি ধন্যবাদ জানাতে চাই। এই বিনিয়োগটি শুধু কর্মীদের জন্য নতুন সুযোগ তৈরি করে না বরং এছাড়াও সাস্টেনেবল এনার্জি সমাধানের ভবিষ্যতে নিউ ইয়র্কের নেতৃত্বকে জোরদার করে।"

অ্যাসেম্বলির সদস্য Donna Lupardo (ডোনা লুপার্ডো) বলেন, "বহু বছরের পরিশ্রম এবং নিবেদন আমাদের এলাকাকে ব্যাটারি ইনোভেশন এবং ম্যানুফ্যাকচারিংয়ের জন্য নির্ধারিত কেন্দ্র করে তুলেছে। একটি নতুন ব্যাটারি প্রোডাকশন লাইন যোগ করতে BAE-এর এক্সপ্যানশন ক্লিন এনার্জি টেকনোলজির নেতা হিসেবে আমাদের কমিউনিটিকে আরো প্রতিষ্ঠিত করবে। ইলেকট্রিক/হাইব্রিড বাস এবং এয়ারক্র্যাফট ব্যাটারি সিস্টেম নিয়ে তাদের কাজ ইন্ডাস্ট্রি এবং আমাদের স্থানীয় ওয়ার্কফোর্সের জন্য বিশাল পার্থক্য গড়ে দিচ্ছে। BAE Systems এবং এম্পায়ার

স্টেট ডেভেলপমেন্টকে আমাদের স্থানীয় অর্থনীতিতে তাদের অব্যাহত বিনিয়োগের জন্য ধন্যবাদ জানাই।"

ব্রুম কাউন্টির এক্সিকিউটিভ Jason Garnar (জ্যাসন গার্নার) বলেন, "এন্ডিকটে BAE Systems-এর এক্সপ্যানশন হলো ব্রুম কাউন্টির জন্য আরেকটি বড় জয়, এটি নেক্সট জেনারেশনের ব্যাটারি ইনোভেশনের নেতা হিসেবে আমাদের অঞ্চলের ভূমিকা জোরদার করে এবং একই সাথে আমাদের কমিউনিটির জন্য আরো বেশি চাকরির সুযোগ তৈরি করে। সাউদার্ন টিয়ারের অর্থনৈতিক বিকাশের প্রতি তার অব্যাহত প্রতিশ্রুতির জন্য গভর্নর হোকলকে এবং ব্রুম কাউন্টিকে এক্সপ্যানশনের জন্য নির্বাচন করার জন্য BAE Systems-কে ধন্যবাদ।"

এন্ডিকট ভিলেজের মেয়র Nick Burlingame (নিক বার্লিঙ্গেম) বলেন, "এন্ডিকটে অপারেশন বড় করার ব্যাপারে BAE Systems-এর সিদ্ধান্ত হলো আমাদের কমিউনিটি, আমাদের ওয়ার্কফোর্স, এবং ইনোভেশনের প্রতি আমাদের অঞ্চলের প্রতিশ্রুতির একটি প্রমাণ। এই বিনিয়োগটি শুধু অত্যাধুনিক টেকনোলজির একটি কেন্দ্র হিসেবে এন্ডিকটের লিগেসিকে জোরদার করে না, বরং এছাড়াও স্থানীয় পরিবার ও ব্যবসার জন্য নতুন সুযোগ নিয়ে আসে। BAE Systems যখন বিকশিত হচ্ছে এবং ক্লিন এনার্জি এবং ব্যাটারি ইনোভেশনের ভবিষ্যতের আকার আমাদের গ্রামে, ঠিক এখানেই করে দিচ্ছে তখন তাদেরকে সমর্থন করতে পেরে আমরা গর্বিত। এই এক্সপ্যানশনটি এন্ডিকটে যে চাকরি, অর্থনৈতিক প্রভাব, এবং অগ্রগতি নিয়ে আসবে আমরা তা দেখার আশায় আছি।"

BAE Systems সম্পর্কে আরো তথ্যের জন্য, ভিজিট করুন: https://jobs.baesystems.com/global/en/।

সাউদার্ন টিয়ারে অর্থনৈতিক উন্নয়ন ত্বরান্বিত করা
আজকের ঘোষণাটি সাউদার্ন টিয়ার স্ট্র্যাটেজিক প্ল্যানকে (Southern Tier Strategic Plan) অগ্রসর করে এবং অর্থনৈতিক বিকাশ এবং কমিউনিটির বিকাশ সম্ভব করার মাধ্যমে "সাউদার্ন টিয়ার সোরিং (Southern Tier Soaring)" কৌশলকে সাহায্য করে। এই আঞ্চলিকভাবে নকশা করা পরিকল্পনাগুলির উদ্দেশ্য একটি মেধাবী কর্মীবাহিনীকে আকৃষ্ট করা, ব্যবসার বিকাশ করা এবং পরবর্তী প্রজন্মের উদ্ভাবনকে চালিত করা। আরো তথ্য এখানে পাওয়া যাবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে
এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট হলো নিউ ইয়র্কের মুখ্য অর্থনৈতিক বিকাশ এজেন্সি, এবং এটি পুরো স্টেটে ব্যবসায়িক প্রবৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, এবং বৃহত্তর অর্থনৈতিক সুযোগের প্রসার করে। স্টেটের 10টি অঞ্চলের প্রত্যেকটিতে অফিস সহ, ESD আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলগুলোর তদারকি করে, ConnectALL অফিসের মাধ্যমে ব্রডব্যান্ড ইক্যুইটি সমর্থন করে এবং কৌশলগত কর্মশক্তি বিকাশের অফিসের মাধ্যমে আগামী দিনের কর্মশক্তি বৃদ্ধি করছে।

এজেন্সিটি নিউ ইয়র্ক স্টেটের বিকাশের জন্য উদীয়মান এবং পরবর্তী প্রজন্মের শিল্পখাতের সাথে জড়িত হয় যেমন পরিচ্ছন্ন শক্তি এবং সেমিকন্ডাক্টর প্রস্তুতকরণ, ক্ষুদ্র ব্যবসাসমূহকে বিকশিত ও সফল হতে সাহায্য করার জন্য সহায়তা কেন্দ্রের একটি নেটওয়ার্ক পরিচালনা করে, এবং আই

লাভ নিউ ইয়র্কের (I LOVE NY) মাধ্যমে স্টেটের বিশ্বমানের পর্যটন গন্তব্যসমূহের প্রচার করে। আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে ভিজিট করুন esd.ny.gov এবং ESD-এর সাথে যুক্ত থাকুন LinkedIn, Facebook ও X-এ, যা পূর্বে Twitter নাম পরিচিত ছিলো।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান।

আনসাবস্ক্রাইব করুন